

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬. ০২০. ০০৪. ০৫. ০০. ০০১. ২০১২-৩৯৯০

তারিখঃ ০৮-১১-২০১৬খ্রিঃ।


বিষয়ঃ সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে চলমান মামলার তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমবায়-২ শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৭১২.০৪.০০৪.১৫(৩)-১০৫, তারিখঃ ২৯-০৯-২০১৬;
(২) আইন-১ অধিশাখার স্মারক নং-৪৬. ০২০. ০০৪. ০৫. ০০. ০০১. ২০১২-৩৮৩০, তারিখঃ ১৩-১০-২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১নং স্মারকে প্রেরিত ছক এ বিভাগের আওতাধীন এলজিইডি, ডিপিএইচই, বিভিন্ন সিটি কর্পোরেশন, ওয়াসা ও জেলা পরিষদ বরাবরে প্রেরণপূর্বক উক্ত সরকারি প্রতিষ্ঠানের পক্ষে/বিপক্ষে অপর কোন সরকারি প্রতিষ্ঠানের মামলা দায়ের বিষয়ে তথ্যাদি (যদি থাকে) ১৬ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে (ইউনিকোডে নিকস ফন্টে সফটকপি সহ) স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে সর্বাঙ্গীণ সফটকপি অনুরোধ করা হয়। ইতোমধ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে ৯টি, এলজিইডি হতে ১টি, জেলা পরিষদ, নেত্রকোনা হতে ৫টি ও জেলা পরিষদ, কুষ্টিয়া হতে ১২টি মামলার তথ্য সম্বলিত হার্ডকপি পাওয়া গেছে। কুষ্টিয়া জেলা পরিষদ ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান থেকে সফটকপি পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের সমবায় ও উন্নয়ন-২ শাখার চাহিদা মোতাবেক সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে চলমান উপরে উল্লিখিত মামলার তথ্যের সফটকপি (ইউনিকোড নিকস ফন্টে) আগামী ১০-১১-২০১৬ তারিখের মধ্যে অব্যর্থভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।



(মোঃ ইশান আলী রাজা বাঙালী)

উপসচিব

৯৫৪০৯৯৫

Email-ishanaliraja@gmail.com

বিতরণ (কার্যার্থে):

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোনা;
- ২। আইন কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
- ৩। নির্বাহী প্রকৌশলী (আইন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, ঢাকা;
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। সিনিয়র সহকারী সচিব, প্রশাসনিক উন্নয়ন ও সমবায়-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।